



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭০২৭৫, ৮৮৭০২৭৭, ৮৮১১৬৬৬৫, ৮৮৭০২৭৮, ৮৮৭০২৭৯, ৮৮৭০২৮০, ৮৮৭০২৮১
Fax: 9131581, E-mail: dg@bsti.gov.bd, bsti@bangla.net, Website: http://www.bsti.gov.bd



স্মারক নং: ৩৬.০৫.০০০০.০০৩.১৮.০০২.১১-৯২১ (২৬)

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
০২ জুন ২০২১ খ্রিস্টাব্দ

প্রাপক,

- (১) নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, মহাখালী, ঢাকা।
- (২) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- (৩) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- (৪) চেয়ারম্যান, রাজউক, রাজউক ভবন, মতিঝিল, ঢাকা।
- (৫) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- (৬) চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা।
- (৭) চেয়ারম্যান, খুলনা/রাজশাহী/চট্টগ্রাম/কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
- (৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- (৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- (১০) প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
- (১১) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পুরানা পল্টন, ঢাকা।
- (১২) প্রধান নির্বাহী কর্মকর্তা,
চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/বরিশাল/নারায়ণগঞ্জ/গাজীপুর সিটি কর্পোরেশন, ঢাকা।

বিষয়: অবকাঠামো নির্মাণ কাজে স্টিল ফর দি রি-ইনফোর্সমেন্ট অব কনক্রিট (এমএস রড) ব্যবহারের ক্ষেত্রে বাংলাদেশ মান (বিডিএস আইএসও ৬৯৩৫-১:২০১২ ও বিডিএস আইএসও ৬৯৩৫-২:২০১৬) অনুসরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বিএসটিআই দেশের একমাত্র জাতীয় মান প্রণয়নকারী প্রতিষ্ঠান। অবকাঠামো নির্মাণ কাজে ব্যবহৃত স্টিল ফর দি রি-ইনফোর্সমেন্ট অব কনক্রিট (এমএস রড) পণ্যটির বাংলাদেশ মান হলো বিডিএস আইএসও ৬৯৩৫-১:২০১২ ও বিডিএস আইএসও ৬৯৩৫-২:২০১৬। উক্ত মানটি আন্তর্জাতিক মানের অনুসরণে দেশীয় প্রতিথযশা প্রকৌশলী ও বিশেষজ্ঞগণের সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক প্রণীত হয়েছে।

০২। উক্ত পণ্যের ক্ষেত্রে বাংলাদেশ মান অনুসরণ ও বিএসটিআই থেকে লাইসেন্স গ্রহণ করে স্টিল ফর দি রি-ইনফোর্সমেন্ট অব কনক্রিট (এমএস রড) উৎপাদন ও বাজারজাতকরণ বাধ্যতামূলক এবং উহার ব্যত্যয় হলে তা আইন অনুযায়ী দণ্ডনীয় অপরাধ। লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় স্টিল ফর দি রি-ইনফোর্সমেন্ট অব কনক্রিট (এমএস রড) উৎপাদন ও বাজারজাতকারী প্রতিষ্ঠান বাংলাদেশ মানের ব্যত্যয় ঘটিয়ে এমএস রড উৎপাদন ও বাজারজাতকরণ করছে। এ সব প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিএসটিআই'র নিয়মিত অভিযান অব্যাহত রয়েছে।

০৩। বাংলাদেশ মানের ব্যত্যয় ঘটিয়ে উৎপাদিত স্টিল ফর দি রি-ইনফোর্সমেন্ট অব কনক্রিট (এমএস রড) অবকাঠামো নির্মাণ কাজে ব্যবহার করলে একদিকে নির্মিত অবকাঠামোর স্থায়িত্ব যেমন ক্ষণস্থায়ী হবে, অন্যদিকে এ অবকাঠামো ব্যবহারের জীবন ও সম্পদের ক্ষতি হওয়ার আশংকা রয়েছে। কাজেই বাংলাদেশ মান অনুসারে এমএস রড উৎপাদন, বাজারজাত ও ব্যবহার নিশ্চিত করা জরুরি।

০৪। এমতাবস্থায়, মহোদয়ের অধীন প্রতিষ্ঠান কর্তৃক সকল ধরনের অবকাঠামো নির্মাণ কাজে বাংলাদেশ মান (বিডিএস আইএসও ৬৯৩৫-১:২০১২ ও বিডিএস আইএসও ৬৯৩৫-২:২০১৬) অনুসারে স্টিল ফর দি রি-ইনফোর্সমেন্ট অব কনক্রিট (এমএস রড) ব্যবহারের বিষয়টি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(প্রকৌঃ মোঃ সাজ্জাদুল বারী)

পরিচালক (সিএম)

মোবাইল: ০১৬৭২-৭৯০২৩৯

অনুলিপি:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা। [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ২) প্রোগ্রামার, আইসিটি সেল, বিএসটিআই, ঢাকা। [ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]
- ৩) পিএ টু মহাপরিচালক (শ্রেড-১), বিএসটিআই, ঢাকা। [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]